বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৬৬

তারিখ: ১৬ চৈত্র , ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮৬২ তম কমিশন সভা অদ্য ৩০/০৩/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি ফান্ড 'BMSL National Housing Growth Fund'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'National Housing Finance and Investments Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'BMSL Asset Management Company Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি ফান্ড 'UCB INCOME PLUS FUND' -এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'UCB Asset Management Limited' ৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ৪৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'UCB Asset Management Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

০৩. কমিশন অদ্যকার সভায়, Mutual Fund সমূহের পুঁজিবাজারের বিনিয়োগ সীমা পুন:নির্ধারণ করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বর্তমান সীমা শতকরা ষাট ভাগ (৬০%) থেকে বাড়িয়ে আশি ভাগ (৮০%) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪. কমিশন অদ্যকার সভায়, United Air এর পূর্ববর্তী পরিচালনা পর্ষদের (Board of Directors) কার্যক্রমের উপর সংগঠিত অনুসন্ধান পরবর্তী দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এ উল্লেখিত কমিটির সুপারিশ মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

30-03-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd